

১২২। ক্ষমতা অর্পণ।— (১) বোর্ড, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রজ্ঞাপনে উল্লিখিত পরিসীমা ও শর্তাবলী (যদি থাকে) সাপেক্ষে, নাম বা পদবী উল্লেখপূর্বক—

- (ক) যে কোন অতিরিক্ত কমিশনার বা অতিরিক্ত মহাপরিচালক, মূল্য সংযোজন করকে এই আইন বা বিধির অধীন কমিশনার ^১, কমিশনার (আপীল)^২ বা মহাপরিচালক, মূল্য সংযোজন কর;
- (খ) যে কোন যুগ্ম-কমিশনার বা পরিচালক, মূল্য সংযোজন করকে এই আইন বা বিধির অধীন অতিরিক্ত কমিশনার বা অতিরিক্ত মহাপরিচালক, মূল্য সংযোজন করের, বা কমিশনার ^১, কমিশনার (আপীল)^২ বা মহাপরিচালক, মূল্য সংযোজন কর;
- (গ) যে কোন উপ-কমিশনার বা উপ-পরিচালক, মূল্য সংযোজন করকে এই আইন বা বিধির অধীন যুগ্ম-কমিশনার বা পরিচালক, মূল্য সংযোজন কর, বা অতিরিক্ত কমিশনার বা অতিরিক্ত মহাপরিচালক, মূল্য সংযোজন কর;
- (ঘ) যে কোন সহকারী কমিশনার বা সহকারী পরিচালক মূল্য সংযোজন করকে এই আইন বা বিধির অধীন উপ-কমিশনার বা উপ-পরিচালক, মূল্য সংযোজন কর;
- (ঙ) অন্য যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তাকে এই আইন বা বিধির অধীন সহকারী কমিশনার বা সহকারী পরিচালক, মূল্য সংযোজন কর,

এর যে কোন ক্ষমতা প্রয়োগের অধিকার অর্পণ করিতে পারিবেন।

(২) কোন ক্ষেত্রে বোর্ড ভিন্নতর নির্দেশ না দিলে, কমিশনার বা মহাপরিচালক তাহার অধস্তন যে কোন কর্মকর্তাকে, তাহার অধিক্ষেত্রের সর্বত্র বা কোন নির্দিষ্ট এলাকায়, এই আইন বা বিধির অধীন কমিশনারের বা মহাপরিচালকের বা এই আইনের অধীন অন্য যে কোন কর্মকর্তার যে কোন ক্ষমতা প্রয়োগের কর্তৃত্ব দান করিতে পারিবেন।]

^১। অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৫১ বলে ধারা ২২ এর পরিবর্তে নূতন ধারা ২২ প্রতিস্থাপিত।

^২। অর্থ আইন, ২০০৬ (২০০৬ সনের ২২ নং আইন) এর ধারা ৩৪(ক) বলে ধারা ২২ এর উপ-ধারা(১) এ “কমিশনার” শব্দের পর “, কমিশনার (আপীল)” সন্নিবেশিত।

^৩। অর্থ আইন, ২০০৬ (২০০৬ সনের ২২ নং আইন) এর ধারা ৩৪(খ) বলে ধারা ২২ এর উপ-ধারা(১) এ “কমিশনার” শব্দের পর “, কমিশনার (আপীল)” সন্নিবেশিত।